

জেএসসি জেডিসি পরীক্ষা ১ নভেম্বর

যুগান্তর রিপোর্ট

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা ১ নভেম্বর শুরু হবে। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ে এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় পরীক্ষার সস্তাব্য রুটিনও উপস্থাপন করা হয়। ছাত্রছাত্রীদের কাছ থেকে পরীক্ষার ফি এবারও ১০০ টাকা করে নেয়া হবে। এর বাইরে কেন্দ্র ফি হিসেবে আরও দেড়শ' টাকা দিতে হবে। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে জানান, পরীক্ষায় সরকারের প্রতিবছর একশ' কোটি টাকা ভর্তুকি দিতে হয়। প্রতি শিক্ষার্থীর পেছনে ১ হাজার ৫০ টাকা ব্যয় হয়। সে কারণে এবার আমরা ফি বাড়ানোর প্রস্তাব দেই। তবে মন্ত্রণালয় তা অনুমোদন করেনি। তিনি আরও বলেন, প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণী পর্যন্ত উন্নীত হওয়ায় এবার প্রথমবারের মতো এ পরীক্ষা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে। তবে পরীক্ষা আগের মতোই শিক্ষা বোর্ডগুলো গ্রহণ করবে।

■ পৃষ্ঠা ২ : কলাম ৮

জেএসসি পরীক্ষা ১ নভেম্বর (শেষ পৃষ্ঠার পর)

প্রস্তাবিত রুটিন অনুযায়ী, ১ নভেম্বর পরীক্ষা শুরু হয়ে ১৭ নভেম্বর শেষ হবে। ১ নভেম্বর জেএসসিতে বাংলা প্রথম পত্র, ২ নভেম্বর বাংলা দ্বিতীয় পত্র, ৩ নভেম্বর ইংরেজি প্রথম পত্র, ৬ নভেম্বর ইংরেজি দ্বিতীয় পত্র, ৭ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা, ৮ নভেম্বর তথ্য ও যোগাযোগপ্রযুক্তি, ৯ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১০ নভেম্বর শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য। ১৩ নভেম্বর গণিত, ১৪ নভেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা, ১৫ নভেম্বর বিজ্ঞান, ১৬ নভেম্বর চারু ও কারুকলা এবং ১৭ নভেম্বর কৃষি/গার্হস্থ্য বিজ্ঞান। অন্যদিকে, জেডিসিতে ১ নভেম্বর কুরআন মাজীদ ও তাজবীদ, ২ নভেম্বর আকাদ্দ ও ফিকহ, ৩ নভেম্বর তথ্য ও যোগাযোগপ্রযুক্তি, অনিয়মিত শিক্ষার্থীদের জন্য বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগপ্রযুক্তি। ৬ নভেম্বর ইংরেজি প্রথম পত্র, ৭ নভেম্বর ইংরেজি দ্বিতীয় পত্র, ৮ নভেম্বর বাংলা প্রথম পত্র, ৯ নভেম্বর বাংলা দ্বিতীয় পত্র, ১০ নভেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা বা শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য। ১২ নভেম্বর গণিত, ১৩ নভেম্বর আরবি প্রথম পত্র, ১৪ নভেম্বর আরবি দ্বিতীয় পত্র, ১৫ নভেম্বর সামাজিক বিজ্ঞান ও বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১৬ নভেম্বর বিজ্ঞান, ১৭ নভেম্বর কৃষি/গার্হস্থ্য বিজ্ঞান/গার্হস্থ্য অর্থনীতি। এ রুটিন মন্ত্রী পর্যায়ের বৈঠকে অনুমোদন হলেই চূড়ান্ত হবে বলে জানা গেছে।